



নির্বাচনের আগে ইরানে হামলা চালাবে না যুক্তরাষ্ট্র: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রে আগামী ৩ নভেম্বর অনুষ্ঠিত মধ্যবর্তী নির্বাচনের আগে ইরানে হামলা চালাবে না বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একই সঙ্গে তেহরানের সঙ্গে ফলপ্রসূ আলোচনা চলছে বলে দাবি করেছেন তিনি। তবে ইরানের ওপর আরোপিত অবরোধ অব্যাহত থাকবে বলেও জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট।

বৃহস্পতিবার সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালের দেওয়া এক পোস্টে ট্রাম্প এসব কথা বলেন। তিনি জানান, মধ্যবর্তী নির্বাচনের আগে যুক্তরাষ্ট্র ইরানে কোনো হামলা চালাবে না। ইরানের সঙ্গে আলোচনায় অগ্রগতি হলেও দেশটির ওপর অবরোধ পুরোপুরি কার্যকর থাকবে বলে উল্লেখ করেন তিনি।

হরমুজ প্রণালি দিয়ে রেকর্ড পরিমাণ তেল পরিবহনের দাবিও করেছেন ট্রাম্প। তাঁর দাবি, বুধবারের পর থেকে এই নৌপথ দিয়ে ২ কোটি ২০ লাখ ব্যারেলে তেল পরিবহন করা হয়েছে। এসব তেলের এক ব্যারেলেও ইরান থেকে আসেনি কিংবা ইরানে যায়নি বলে জানান তিনি। পাশাপাশি ইরান কখনোই পারমাণবিক অস্ত্রের অধিকারী হবে না বলেও মন্তব্য করেন মার্কিন প্রেসিডেন্ট।

গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরু করলে পাল্টা হামলা চালায় তেহরান। এ সময় মধ্যপ্রাচ্যের বিভিন্ন স্থানে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার পাশাপাশি বৈশ্বিক জ্বালানি সরবরাহের অন্যতম গুরুত্বপূর্ণ পথ হরমুজ প্রণালিতে নৌচলাচল কার্যত বন্ধ হয়ে পড়ে।

সংঘাত বন্ধ করে কূটনৈতিক আলোচনার পথ তৈরি করতে পাকিস্তান ও কাতারের মধ্যস্থতায় জুনে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। তবে হরমুজ প্রণালির নিরাপত্তা ও নৌচলাচলসহ বিভিন্ন বিষয়ে দুই পক্ষের মতপার্থক্যের কারণে সমঝোতার বাস্তবায়ন এখনো এগোয়নি।